গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৫৩/২০১৮-২০১৯

ঢাকা, মঙ্গলবার ৫ ফেব্রুয়ারি ২০১৯, ২৩ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ন্যায়বিচার নিশ্চিতে বিচারকদের সর্বোচ্চ প্রচেষ্টার আহ্বান রাষ্ট্রপতির
২। পুলিশকে রক্ষকের ভূমিকায় দেখতে চাই : পুলিশ সপ্তাহ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী নতুন ছয়টি বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন আগামীকাল : শতভাগ বিদ্যুতায়িত হচ্ছে আরও ১২ উপজেলা
৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে আসিয়ান আরও বেশি সম্পৃক্ত হবে : প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী
৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলরের অভিনন্দন
৬। বঙ্গবন্ধু সেতুতে প্রায় ৫ হাজার কোটি টাকা আদায় : সংসদে সেতুমন্ত্রী
৭। রোহিঙ্গা সমস্যা সমাধানে পাশে থাকবে ইন্দোনেশিয়া
৮। শিল্পখাতের সম্ভাবনা কাজে লাগাতে পঞ্চাশ বছর মেয়াদি রূপরেখা প্রণয়নের প্রস্তাব : শিল্পমন্ত্রীর সঙ্গে জার্মান চেম্বারের বৈঠক
৯। নিম্নমানের পানির বিরুদ্ধে শিগগির অভিযান : শিল্পমন্ত্রী
১০। পাটের হারানো ঐতিহ্য পুনরুদ্ধারে নানা পদক্ষেপ : সংসদে বস্ত্র ও পাটমন্ত্রী
১১। পাঁচ বছরের মধ্যে দেশের সব বিভাগে হবে ক্যান্সার হাসপাতাল : স্বাস্থ্যমন্ত্রী
১২। বাংলাদেশ-ভুটান বাণিজ্য বৃদ্ধির সুযোগ রয়েছে : বাণিজ্যমন্ত্রী
১৩। ভারতের সঙ্গে ৯ রেলরুট সংযুক্ত হচ্ছে : সংসদে রেলমন্ত্রী
১৪। নদীভাঙন রোধে দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হচ্ছে : পানিসম্পদ উপমন্ত্রী
১৫। আইন ও প্রতিরক্ষাসহ পাঁচটি সংসদীয় কমিটি গঠন
১৬। বাংলাদেশ-সৌদি প্রতিরক্ষা চুক্তি আগামী ১৪ ফেব্রুয়ারি
১৭। সরকারি হলো আরও তিন কলেজ
১৮। কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পে ইউএনএইচসিআর এর বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি

চলমান পাতা-২

**১। ন্যায়বিচার নিশ্চিতে বিচারকদের সর্বোচ্চ প্রচেষ্টার আহ্বান রাষ্ট্রপতির**

জনগণের ন্যায়বিচার নিশ্চিতে বিচারকদের সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) সুপ্রিমকোর্টের আপিল বিভাগে নতুন নিয়োগপ্রাপ্ত তিন বিচারক বঙ্গভবনে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। সাক্ষাতের সময় রাষ্ট্রপতি বলেন, আদালত বিচারপ্রার্থীদের ভরসার শেষস্থল। বিচারপ্রার্থীদের ন্যায়বিচার নিশ্চিতে আদালতের অনেক দায়িত্ব রয়েছে। রাষ্ট্রপতি আপিল বিভাগে নিয়োগপ্রাপ্ত বিচারপতিদের অভিনন্দন জানিয়ে আশা করেন, তারা জনগণের বিচারপ্রাপ্তিতে সর্বাত্মক প্রচেষ্টা চালাবেন। নতুন বিচারপতিরা দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা চান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৭)।

**২। পুলিশকে রক্ষকের ভূমিকায় দেখতে চাই : পুলিশ সপ্তাহ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

পুলিশ বাহিনীকে জনবান্ধব হওয়ার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাদের হাতে নিরীহ মানুষ যাতে হয়রানি ও নির্যাতনের শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। জনগণ হয়রানির শিকার হলে বা বিপদে পড়লে তাদের সহযোগিতা করতে হবে। জনগণ এটাই প্রত্যাশা করে। জনগণের আস্থা অর্জনে ও জনবান্ধব হতে প্রত্যেক পুলিশ সদস্যকে সততা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। পুলিশকে সব সময় আইনের রক্ষকের ভূমিকায় দেখতে চাই। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) রাজারবাগ পুলিশ লাইন্সে পুলিশ সপ্তাহ উদ্বোধনকালে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী নতুন ছয়টি বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন করবেন আগামীকাল :**
**শতভাগ বিদ্যুতায়িত হচ্ছে আরও ১২ উপজেলা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন ছয়টি বিদ্যুৎকেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন আগামীকাল ৬ ফেব্রুয়ারি বুধবার। এ কেন্দ্রগুলোর মোট উৎপাদন ক্ষমতা এক হাজার ৫৭ মেগাওয়াট। উদ্বোধন অনুষ্ঠানে আরও ১২ উপজেলায় শতভাগ বিদ্যুতায়নের ঘোষণা দেওয়া হবে। এদিন সাবমেরিন ক্যাবল সন্দ্বীপে বিদ্যুতায়নের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। ভিডিও কনফারেন্সের মাধ্যমে এসব প্রকল্পের উদ্বোধন করবেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে আসিয়ান আরও বেশি সম্পৃক্ত হবে :**
**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী**

দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলোর সংগঠন আসিয়ান বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে আরও বেশি সম্পৃক্ত হবে। ইন্দোনেশিয়ার সফররত পররাষ্ট্রমন্ত্রী রেতনো এল পি মারসুদিও গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রীর সংসদভবন কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এক সৌজন্য সাক্ষাতকালে একথা বলেন। ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী বলেন, রোহিঙ্গাদের জন্য নির্মীয়মান অবকাঠামো দেখতে আসিয়ানের দু'টি টিম মিয়ানমারের রাখাইন রাজ্য সফর করবে। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, রোহিঙ্গাদের পাশাপাশি মিয়ানমার থেকে অন্য সম্প্রদায়ের লোকজনও বাংলাদেশে প্রবেশের চেষ্টা করছে। চীন, ভারত ও জাপান মিয়ানমারের রাখাইন রাজ্যে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য বাড়িঘর তৈরি করছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৫। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলরের অভিনন্দন**

আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করায় অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলর সেবাস্টিয়ান কুর্জ তাঁকে অভিনন্দন জানিয়েছেন। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে পাঠানো এক বার্তায় অস্ট্রিয়ার চ্যান্সেলর বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় আপনাকে আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি আরও বলেন, আমি আমাদের দ্বিপক্ষীয় সম্পর্কের জোরদারের অপেক্ষায় আছি এবং প্রধানমন্ত্রী হিসেবে নতুন মেয়াদে আপনার সাফল্য কামনা করছি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৬। বঙ্গবন্ধু সেতুতে প্রায় ৫ হাজার কোটি টাকা আদায় : সংসদে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ১৯৯৮ সালে সমগ্র বঙ্গবন্ধু সেতুতে নির্মাণ ব্যয় হয় ৩ হাজার ৭৪৫ কোটি ৬০ লাখ টাকা। অন্যদিকে এ পর্যন্ত টোল বাবদ আদায় হয়েছে ৪ হাজার ৯৮৭ কোটি ৪৯ লাখ টাকা। অর্থাৎ বঙ্গবন্ধু সেতুনির্মাণ ব্যয় থেকে ১ হাজার ২৪১ কোটি টাকা বেশি টোল আদায় হয়েছে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৭। রোহিঙ্গা সমস্যা সমাধানে পাশে থাকবে ইন্দোনেশিয়া**

আঞ্চলিক ও বহুপাক্ষিক কাঠামোর আওতায় রোহিঙ্গা সমস্যা সমাধানে আরও কার্যকর ভূমিকা রাখার অঙ্গীকার করেছেন ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী রেতনো এল পি মারসুদি। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে এক বৈঠকে তিনি এ অঙ্গীকার করেন। জাতীয় সংসদভবনে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন মারসুদি। বৈঠকে ইন্দোনেশিয়ার পররাষ্ট্রমন্ত্রী বিভিন্নক্ষেত্রে বাংলাদেশের বর্তমান সরকারকে সহযোগিতার আশ্বাস দেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরও উন্নয়নের আশাবাদ ব্যক্ত করেন। বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে প্রিফারেনশিয়াল ট্রেড এগ্রিমেন্ট বিষয়ে আলোচনা এ মাসেই শুরু হচ্ছে জেনে উভয় মন্ত্রীই সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮)।

**৮। শিল্পখাতের সম্ভাবনা কাজে লাগাতে পঞ্চাশ বছর মেয়াদি রূপরেখা প্রণয়নের প্রস্তাব : শিল্পমন্ত্রীর সঙ্গে জার্মান চেম্বারের বৈঠক**

জাতীয় অর্থনৈতিক অগ্রগতিতে তৈরি পোশাকের মত চামড়া ও ইলেক্ট্রনিক শিল্পখাতের বিপুল সম্ভাবনা কাজে লাগাতে পঞ্চাশ বছর মেয়াদি একটি রূপরেখা প্রণয়নের প্রস্তাব দিয়েছে বাংলাদেশ-জার্মান চেম্বার অভ্ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিজিসিসিআই) এর নেতারা। তারা বলেন, এ রূপরেখা অনুযায়ী খাতভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে সরকারের ইশতেহার বাস্তবায়ন সম্ভব। এর মাধ্যমে আগামী দিনে বাংলাদেশে ব্যাপকহারে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। বিজিসিসিআই'র নেতারা গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূনের সাথে বৈঠককালে এ প্রস্তাব করেন। শিল্প মন্ত্রণালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৫), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ** পৃ,ক.২)।

**৯। নিম্নমানের পানির বিরুদ্ধে শিগগির অভিযান : শিল্পমন্ত্রী**

লাইসেন্সবিহীন এবং নিম্নমানের পানি বাজারজাতকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন। তিনি বলেন, এ বিষয়ে দ্রুত বিশেষ অভিযান পরিচালনা করতে বিএসটিআইকে নির্দেশনা দেওয়া হবে। শিল্পমন্ত্রী গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) পিওর ড্রিংকিং ওয়াটার ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ-এর সমন্বয় কমিটির নেতাদের সঙ্গে বৈঠকে এ কথা বলেন। বৈঠকে শিল্পমন্ত্রী অননুমোদিত ও নিম্নমানের পানি উৎপাদনকারী প্রতিষ্ঠানের তালিকা শিল্প মন্ত্রণালয়ে জমা দিতে সংগঠনের নেতাদের পরামর্শ দেন। তিনি বলেন, জনগণের জন্য নিরাপদ ও সুপেয় পানির নিশ্চয়তা বিধান সরকারের দায়িত্ব। এ দায়িত্ব পালনে সরকার প্রয়োজনে আরও কঠোর পদক্ষেপ নেবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **সংবাদ** ( শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। পাটের হারানো ঐতিহ্য পুনরুদ্ধারে নানা পদক্ষেপ : সংসদে বস্ত্র ও পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, বাংলাদেশের পাটের হারানো ঐতিহ্য পুনরুদ্ধারে সরকার নানা পরিকল্পনা গ্রহণ করেছে। এসব পরিকল্পনার মধ্যে ২০ হাজার পাটচাষীকে আধুনিক প্রযুক্তিতে উফশী পাট ও পাটবীজ উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.১১,ক.২)।

**১১। পাঁচ বছরের মধ্যে দেশের সব বিভাগে হবে ক্যান্সার হাসপাতাল : স্বাস্থ্যমন্ত্রী**

নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী আগামী পাঁচ বছরের মধ্যে দেশের সব বিভাগে একটি করে ১০০ শয্যার হাসপাতাল নির্মাণের কাজ শেষ করবে সরকার বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, অবকাঠামো নির্মাণের পাশাপাশি প্রতি বিভাগে ক্যান্সার চিকিৎসার পূর্ণাঙ্গ ব্যবস্থা নিশ্চিত করতে প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনসহ প্রশিক্ষিত জনবল নিয়োগ দেওয়া হবে। মন্ত্রী আরো বলেন, দীর্ঘমেয়াদী ও ব্যয়বহুল এ চিকিৎসার সহজলভ্যতা বিভাগ পর্যন্ত নিশ্চিত করতে পারলে সারাদেশের লাখ লাখ মানুষ কম খরচে এ সেবা পাবে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার)

রাজধানীর মহাখালীর জাতীয় ক্যান্সার গবেষণা ইন্সটিটিউট ও হাসপাতালে বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**১২। বাংলাদেশ-ভুটান বাণিজ্য বৃদ্ধির সুযোগ রয়েছে : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের সঙ্গে যোগাযোগ ও বাণিজ্য বাড়াতে ভুটানকে বাংলাদেশের সৈয়দপুর বিমানবন্দর ব্যবহারের আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, বাংলাদেশ ও ভুটানের মধ্যে বাণিজ্য বৃদ্ধির সুযোগ রয়েছে। এ সুযোগ কাজে লাগাতে হবে। এজন্য দুই দেশের মধ্যে আকাশপথে যোগাযোগ বাড়লে উভয় দেশ উপকৃত হবে। এতে করে বাণিজ্য ও পর্যটন ক্ষেত্রে অনেক সুফল পাওয়া যাবে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ে ঢাকায় নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত সুনাম রাবগি'র সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৮)।

**১৩। ভারতের সঙ্গে ৯ রেলরুট সংযুক্ত হচ্ছে : সংসদে রেলমন্ত্রী**

ভারতের সঙ্গে মোট ৯টি ইন্টারচেঞ্জ রেলরুট চালু করা হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরো জানান, বাংলাদেশ থেকে ভারতের সঙ্গে রেলওয়ে সংযোগের জন্য ৭টি ইন্টারচেঞ্জ পয়েন্ট আছে। এর মধ্যে বর্তমানে ৪টি চালু রয়েছে। বাকি ৩টি ইন্টারচেঞ্জ চালু করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া আরও দু'টি নতুন ইন্টারচেঞ্জ পয়েন্ট চালুর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.২)।

**১৪। নদীভাঙন রোধে দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেওয়া হচ্ছে : পানিসম্পদ উপমন্ত্রী**

পানিসম্পদ উপমন্ত্রী একেএম এনামুল হক শামীম বলেছেন, সরকার নদীরক্ষায় বদ্ধপরিকর। দেশের সার্বিক উন্নয়ন করতে হলে বাংলাদেশের নদ-নদী ও এর তীরবর্তী মানুষকে রক্ষা করতে হবে। সরকার নদীর ভাঙনরোধে কাজ করে যাচ্ছে। যেসব নদী তার নাব্য হারিয়ে ফেলেছে, সেসব নদীর নাব্য ফিরিয়ে আনতে কাজ করে যাচ্ছে সরকার। তিনি গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) নাগরপুরে যমুনা নদীর ভাঙনকবলিত এলাকা ও এলাসিনের গাছকুমুল্লী এলাকায় ১১৪ কোটি টাকা ব্যয়ে ধলেশ্বরী নদীর তীর সংরক্ষণ ও ড্রেজিং কার্যক্রম পরিদর্শনে এসে এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১)।

**১৫। আইন ও প্রতিরক্ষাসহ পাঁচটি সংসদীয় কমিটি গঠন**

একাদশ সংসদের পাঁচটি সংসদীয় কমিটি গঠন করা হয়েছে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) সংসদের বৈঠকে এসব কমিটি গঠন করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গঠিত কমিটিগুলোর মধ্যে রয়েছে সংসদ কমিটি, আইন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি, পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত কমিটি, প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত কমিটি এবং ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত কমিটি। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৭)।

**১৬। বাংলাদেশ-সৌদি প্রতিরক্ষা চুক্তি আগামী ১৪ ফেব্রুয়ারি**

সৌদি আরবের সঙ্গে সামরিক সহযোগিতা বাড়ানোর জন্য আগামী ১৪ ফেব্রুয়ারি প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছে বাংলাদেশ। সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ গত ৩ ফেব্রুয়ারি রোববার রিয়াদে বাংলাদেশ মিশনের নবনির্মিত ভবন পরিদর্শনকালে তিনি এ ঘোষণা দেন। সৌদি আরবে বাংলাদেশ দূতাবাস এ তথ্য দিয়েছে। সৌদি আরব সফররত জেনারেল আজিজ রোববার দেশটির যৌথবাহিনীর প্রধান হামাদ বিন ফায়াদ আল-রুয়ায়লির সঙ্গে বৈঠক করেন। তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.২)।

**১৭। সরকারি হলো আরও তিন কলেজ**

দেশের আরও তিনটি কলেজকে সরকারি করা হয়েছে। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সরকারিকরণের আদেশ ৪ ফেব্রুয়ারি জারি হলেও ২ ফেব্রুয়ারি থেকে তা কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮)।

**১৮। কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্পে ইউএনএইচসিআর এর বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি**

মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে পালিয়ে আসা রোহিঙ্গা শরণার্থীদের দুর্দশা দেখতে কক্সবাজারে তিনদিনের সফরে এসেছেন জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) এর বিশেষ দূত ও হলিউডের জনপ্রিয় অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি। গতকাল (৪ ফেব্রুয়ারি সোমবার) কক্সবাজারে টেকনাফের হোয়াইক্যংয়ের চাকমারকুল রোহিঙ্গা শিবিরে পৌঁছে তাদের সঙ্গে কথা বলেন তিনি। সফরের দ্বিতীয় দিনে তাঁর উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শিবিরে যাওয়ার কথা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** বাংলাদেশে ই-বর্জ্যের পরিমাণ ক্রমাগত বাড়ছে যা জনস্বাস্থ্যের জন্য চরম ঝুঁকিপূর্ণ উল্লেখ করে সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে এ ক্ষতি কাটিয়ে ওঠার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, ইন্ডিপেনডেন্ট :** দেশে প্রয়োজনের তুলনায় অপ্রতুল ক্যান্সার কেন্দ্র রয়েছে উল্লেখ করে দেশের বিভাগীয় ও জেলা সদর হাসপাতালগুলোতে ক্যান্সার রোগীর চিকিৎসাসেবার পরিসর বাড়াতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** প্রবাসীদের পাঠানো আয়ে নতুন রেকর্ড ছুঁয়েছে বাংলাদেশ এ তথ্যে সন্তোষ প্রকাশ করে এ ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ প্রকাশ।

ঘ. **সংবাদ, বণিক বার্তা, নিউ এজ :** নদীদখল করা ব্যক্তি সব ধরনের নির্বাচনে অংশগ্রহণের অযোগ্য হবেন এবং এ ধরনের অপরাধে জড়িত ব্যক্তি ব্যাংক ঋণও পাবেন না উচ্চ আদালতের দেওয়া এ নির্দেশে সন্তোষ প্রকাশ করে এ নির্দেশনা যথাযথভাবে পালন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **নিউজ টুডে :** রাজধানীর হাজারীবাগ হতে চামড়াশিল্প স্থানান্তরের পরে তা পরিকল্পিত শহরের আওতায় আনার সুপারিশ।

চ. **নিউ নেশন :** কন্যাশিশুকে বাল্যবিয়ের অভিশাপ থেকে বাঁচাতে সচেতন হওয়ার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমদানি-রপ্তানির আড়ালে অর্থপাচার বন্ধ করতে হলে ব্যাংকগুলোকে আরো সচেষ্ট হতে হবে ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সভ্যতার হুমকি মাটিদূষণ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পরিবেশের সুরক্ষায় কৃষি জমিতে রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে পরিবেশবান্ধব জৈব সার ব্যবহারে জোর দিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা